

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date 13-01-2025

Time: 7-35 A.M.

বিশেষ বিশেষ খবর -

- ১/ নিম্নমানের স্যালাইন প্রয়োগে অসুস্থ তিন প্রসূতিকে চিকিৎসার জন্য গ্রীন করিডোর করে কলকাতায় আনা হয়েছে। গঠিত হয়েছে মেডিকেল বোর্ড।
- ২/ এই ঘটনায় উচ্চ পর্যায়ের তদন্তের দাবী বিরোধীদের।
- ৩/ মকর সংক্রান্তি উপলক্ষে পুণ্যস্থানের জন্য গঙ্গাসাগরে ভিড় বাড়ছে পুণ্যার্থীদের।
- # মেলার নিরাপত্তায় রাজ্য সরকার বন্ধপরিষদ বলে বিদ্যুতমন্ত্রী অরুণ বিশ্বাস জানিয়েছেন।
- ৪/ পশ্চিমী ঝঞ্ঝার কারণে মকর সংক্রান্তিতে কনকনে শীতের সম্ভাবনা নেই বলে আবহাওয়া দফতরের পূর্বাভাস।
- ৫/ দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের মৈপীঠ এলাকায় থাকা বাঘটি বনকর্মীদের তৎপরতায় ধরা পড়েছে।

নিম্নমানের স্যালাইন ব্যবহারের কারণে গুরুতর অসুস্থ তিন প্রসূতিকে চিকিৎসার জন্য কলকাতায় নিয়ে আসা হয়েছে। গতরাতে গ্রিন করিডর তৈরী করে তাঁদের কলকাতার SSKM হাসপাতালে ভর্তি করা হয়। পাঁচ সদস্যের মেডিক্যাল বোর্ড তাঁদের চিকিৎসা করবে।

উল্লেখ্য, মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে প্রসূতি মৃত্যুর এবং কয়েকজনের অসুস্থ হয়ে পড়ার জেরে রাজ্য সরকার গঠিত ১৩ সদস্যের তদন্ত কমিটি গতকাল বৈঠকে বসে। প্রায় দু'ঘন্টা চলা ওই বৈঠকে স্বাস্থ্য অধিকর্তা ও স্বাস্থ্যসচিব ছাড়াও মেদিনীপুর মেডিক্যাল কলেজের অধ্যক্ষ ও স্ত্রীরোগ বিভাগের প্রধান উপস্থিত ছিলেন। বৈঠকের পর স্বাস্থ্যসচিব নারায়ণস্বরূপ নিগম জানান, উচ্চপর্যায়ের বৈঠকে প্রসূতি মৃত্যু এবং অসুস্থ হয়ে পড়ার নানা দিক খতিয়ে দেখা হয়েছে। অসুস্থদের চিকিৎসার জন্য বিশেষজ্ঞ চিকিৎসকদের নিয়ে মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে। চিকিৎসার ব্যাপারে বোর্ডের সদস্যরাই সিদ্ধান্ত নেবেন।

উল্লেখ্য, গত শুক্রবার সকালে মেদিনীপুর মেডিকেল কলেজে এক প্রসূতির মৃত্যু হয়। অসুস্থ হয়ে পড়েন বেশ কয়েকজন। নিম্নমানের স্যালাইন ব্যবহারের ফলেই এই সমস্যা বলে অভিযোগ ওঠে। বিষয়টির তদন্তে রাজ্য স্বাস্থ্য দপ্তর তদন্ত কমিটি গঠন করে। সেই তদন্ত কমিটি শনিবার হাসপাতালে গিয়ে পরিস্থিতি সরেজমিনে খতিয়ে দেখে।

নিম্নমানের স্যালাইন প্রয়োগে মেদিনীপুর মেডিকেল কলেজে প্রসূতির মৃত্যুর প্রতিবাদে DYFI-এর রাজ্য সম্পাদক মীনাক্ষী মুখার্জীর নেতৃত্বে বাম ছাত্র-যুব মহিলারা গতকাল বিক্ষোভ মিছিলে সামিল হন। শহর পরিক্রমার পর এই মিছিল হাসপাতাল সুপারের কার্যালয়ের সামনে যায়। গেটে তালা বুলিয়ে দেওয়া হয়। আধ ঘণ্টারও বেশি সময় ধরে পথ অবরোধ করেন DYFI ও SFI কর্মীরা। মীনাক্ষী মুখার্জী বলেন, রাজ্যে জাল ওষুধের কারবারের শিকড় রয়েছে অনেক গভীরে।

(বাইট – মীনাক্ষী)

হাসপাতালের MSVP-র বিরুদ্ধে কোতোয়ালি থানায় FIR-ও দায়ের করেন তাঁরা।

ভারতীয় জনতা যুব মোর্চার সদস্যরাও গতকাল হাসপাতালের সামনে বিক্ষোভ দেখান। রাস্তার ওপর টায়ার জেলে প্রতিবাদ জানান তাঁরা। নিম্নমানের স্যালাইন ব্যবহারের ঘটনায় এনফোর্সমেন্ট বিভাগের হস্তক্ষেপ চেয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।

(বাইট- শুভেন্দু)

এদিকে, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ নিম্নমানের স্যালাইনে প্রসূতি মৃত্যুকে অসাবধানবশত দুর্ঘটনা বলে উল্লেখ করেছেন।

(বাইট – কুণাল)

নিম্নমানের স্যালাইন, ওষুধের ব্যবহার এবং স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতির অভিযোগ তুলে কংগ্রেস আজ স্বাস্থ্যভবন অভিযান করবে। প্রদেশ সভাপতি শুভঙ্কর সরকার গতকাল একথা জানিয়েছেন।

মেদিনীপুর মেডিক্যালের নিম্নমানের স্যালাইন প্রয়োগের প্রেক্ষিতে SUCI কমিউনিস্ট, রাজ্যের সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য কেন্দ্রে ওই কোম্পানীর ওষুধ বাতিল এবং দোষীদের উপযুক্ত শাস্তির দাবী জানিয়েছে। এক বিবৃতিতে দলের রাজ্য সম্পাদক চন্ডীদাস ভট্টাচার্য দাবী করেন, এব্যাপারে রাজ্যের স্বাস্থ্য সচিব থেকে হাসপাতাল কর্তৃপক্ষ যা যা বলেছিলেন, তা’ মিথ্যা ছাড়া কিছুই নয়। এর সঙ্গে কারা যুক্ত, তাদের নাম প্রকাশ্যে আনার’ও দাবী করেন তিনি।

অন্যদিকে, সংশ্লিষ্ট কোম্পানীর চিকিৎসা সরঞ্জাম বন্ধের ব্যাপারে রাজ্যের স্বাস্থ্য দপ্তর সুনির্দিষ্ট কোনো নির্দেশিকা জারি না করায় চিকিৎসকদের সংগঠন- ‘সার্ভিসেস ডক্টরস ফোরাম’ বিস্ময় প্রকাশ করেছে।

জাল নথিপত্র বানিয়ে এদেশে বসবাসকারী এক বাংলাদেশী নাগরিক এবং তাঁর আশ্রয়দাতাকে পুলিশ গ্রেফতার করেছে। ধৃত নুরুল ইসলাম ওরফে নারায়ণ অধিকারী এবং রবিউল ইসলামকে গত শুক্রবার সন্ধ্যায় পুলিশ উত্তর ২৪ পরগনার দত্তপুকুর থানার

বামনগাছি এলাকা থেকে গ্রেফতার করে। উদ্ধার হয় ভারতীয় পরিচয়পত্র, প্যান কার্ড এবং বাংলাদেশের পাসপোর্ট।

নুরুল ইসলাম অবৈধভাবে ভারতে ঢুকে নারায়ণ অধিকারী নাম নিয়ে বসবাস করছিল বলে জানা গেছে। বারাসাত আদালত গতকাল দু-জনকে ১৪ দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ১৯ শে জানুয়ারী আকাশবাণীতে 'মন কি বাত'-অনুষ্ঠানে দেশ এবং বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তাভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মন কি বাতের ১১৮-তম পর্ব।

অনুষ্ঠানটি সকাল ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সব কটি প্রচার তরঙ্গ, এআইআর নিউজ ওয়েবসাইট এবং নিউজ অন এআইআর মোবাইল অ্যাপে সম্প্রচার করা হবে। এআইআর নিউজ, ডিডি নিউজ, পিএমও এবং তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউটিউব চ্যানেলগুলিতেও সরাসরি তা শোনা যাবে।

আকাশবাণীতে হিন্দি ভাষায় সম্প্রচারের ঠিক পরেই আঞ্চলিক ভাষায় তা সম্প্রচারিত হবে। রাত আটটায় আঞ্চলিক ভাষার তর্জমা পুনঃ প্রচারিত হবে।

পুণ্যতীর্থ গঙ্গাসাগরে ক্রমশ বাড়ছে মানুষের ভিড়। মঙ্গলবার সকাল থেকে শুরু মকর সংক্রান্তির পুণ্যযোগ। চলবে পরদিন বুধবার সকাল পর্যন্ত। মাহেন্দ্রক্ষণের আগেই সাগরমেলায় পৌঁছে গিয়েছেন লক্ষ লক্ষ পুণ্যার্থী। আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন-

(ভিসি- গৌতম মন্ডল)

সাগর মেলার নিরাপত্তায় রাজ্য সরকার বদ্ধপরিকর বলে বিদ্যুৎমন্ত্রী অরুণ বিশ্বাস জানিয়েছেন। গতকাল গঙ্গাসাগর মেলায় এক সাংবাদিক সম্মেলনে তিনি প্রশাসনিক তৎপরতার বিষয়টি তুলে ধরেন।

(বাইট – অরূপ বিশ্বাস)

মকর সংক্রান্তি উপলক্ষে আগামীকাল গঙ্গায় পূণ্যস্নান নির্বিঘ্নে সম্পন্ন করতে রাজ্য প্রশাসনের অনুরোধে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন ওই দিন ভোর চারটে থেকে বিকেল তিনটে পর্যন্ত চক্ররেল চলাচল নিয়ন্ত্রণ করবে। ঐদিন সাতটি ট্রেন বাতিল করা হয়েছে। কলকাতা স্টেশনে যাত্রা শুরু ও শেষ করবে চারটি করে ট্রেন।

পশ্চিমী ঝঞ্ঝার কারণে মকর সংক্রান্তির আগে রাজ্যের জেলাগুলিতে তাপমাত্রার পারদ কিছুটা বাড়লেও আজও শীতের আমেজ। উত্তরবঙ্গের দার্জিলিং ও কালিম্পং-এ হালকা বৃষ্টি ও তুষারপাতের সম্ভাবনা। কলকাতা সহ দক্ষিণ বঙ্গে মূলতঃ আবহাওয়া শুষ্ক থাকবে।

কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ১৪.২ ডিগ্রি সেলসিয়াস, যা স্বাভাবিকের থেকে ০.৪ ডিগ্রি বেশি। সর্বোচ্চ তাপমাত্রা ২৫ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকার সম্ভাবনা।

দক্ষিণ ২৪ পরগণার সুন্দরবনের মৈপীঠ এলাকায় থাকা বাঘটি বনকর্মীদের তৎপরতায় ধরা পড়েছে। গতকাল সকালে কিশোরীমোহনপুর এলাকায় বাঘ আসার খবরে নজরদারি চালানোর পর পাতা হয় খাঁচা। সেই খাঁচাতেই রাতের দিকে বাঘটি ধরা পড়ে। আজ স্বাস্থ্য পরীক্ষার পর সেটিকে গভীর জঙ্গলে ছেড়ে দেওয়া হবে বলে সূত্রের খবর।

এদিকে, পুরুলিয়ার বান্দোয়ান এলাকায় ফের বাঘ দুকে পরার খবরে সতর্ক বনদপ্তর। বেশ কয়েকটি পায়ের ছাপ খতিয়ে দেখা হচ্ছে বলে পুরুলিয়া বন বিভাগের DFO অঞ্জন গুহ জানিয়েছেন। বসানো হয়েছে ট্র্যাপ ক্যামেরা।

পশ্চিম মেদিনীপুরের ঝাড়গ্রামের বেলপাহাড়ি মনিয়ার্ডি গ্রামের জঙ্গলের রাস্তায় বাঘের পায়ের ছাপ দেখা যাওয়ায় চাঞ্চল্য ছড়িয়েছে। মাইকিং করে গ্রামবাসীদের সতর্ক করা হচ্ছে।

কলকাতার কসবায় তৃণমূল কংগ্রেস কাউন্সিলার সুশান্ত ঘোষকে গুলি করে হত্যার চেষ্টার ঘটনায় অন্যতম অভিযুক্ত মহম্মদ আদিল হোসেনকে গ্রেফতার করেছে কলকাতা পুলিশের গুন্ডা দমন শাখা। ধৃতকে গতকাল আলিপুর আদালতে তোলা হলে ২৫-শে জানুয়ারী পর্যন্ত পুলিশ হেফাজত হয়েছে।

বিহারের জামুয়ের বাসিন্দা আদিলকে আবুধাবি থেকে কলকাতা বিমান বন্দরে নামতেই শনিবার আটক করে অভিবাসন দফতর। পরে তাকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়।

পশ্চিম মেদিনীপুরের IIT খড়্গপুরে ফের এক পড়ুয়ার অস্বাভাবিক মৃত্যুতে চাঞ্চল্য ছড়িয়েছে। গতকাল সকালে IIT-র হস্টেলের একটি ঘর থেকে শাওন মল্লিক নামে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর তৃতীয় বর্ষের ওই ছাত্রের ঝুলন্ত দেহ উদ্ধার হয়। ছাত্রটির বাড়ি কলকাতার কসবা এলাকায়। বাবা-মা গতকাল ছাত্রটির সঙ্গে দেখা করতে এলে হস্টেলের ঘরে ঝুলন্ত দেহ দেখতে পান।

উল্লেখ্য, গত বছর জুন মাসে খড়্গপুর IIT -তে তৃতীয় বর্ষের এক ছাত্রীর ঝুলন্ত দেহ উদ্ধার হয়।
